

106468 - শাওয়ালের ছয় রোযা কি সোমবার ও বৃহস্পতিবারে রাখা যেতে পারে?

প্রশ্ন

শাওয়ালের ছয় রোযা কি সোমবার ও বৃহস্পতিবারে রাখাটা সঠিক; যাতে করে আমি সোমবার ও বৃহস্পতিবারে রোযা রাখার সওয়াবও পেতে পারি?

প্রিয় উত্তর

হ্যাঁ। এতে কোন বাধা নেই। এভাবে রোযা রাখলে আপনার জন্য ছয় রোযার সওয়াব এবং সোমবার ও বৃহস্পতিবারে রোযা রাখার সওয়াবও লেখা হবে।

শাইখ মুহাম্মাদ বিন উছাইমীন (রহঃ) বলেন:

"যদি এই ছয়দিনের রোযা সোমবারে বা বৃহস্পতিবারে পড়ে তাহলে তিনি দুটো সওয়াবই পেতে পারেন; যদি তিনি ছয় রোযার নিয়ত করেন এবং সোমবার বা বৃহস্পতিবারে রোযা রাখারও নিয়ত করেন। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:

"কর্মসমূহ নিয়ত অনুযায়ী হয়ে থাকে। কোন ব্যক্তি যা নিয়ত করেন সেটাই তার প্রাপ্য"।[সমাপ্ত]

মাননীয় শাইখ মুহাম্মাদ বিন উছাইমীন (রহঃ)

ফাতাওয়া ইসলামিয়া (২/১৫৪)